

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯২(আগরতলা ২৪১০৫)

আগরতলা, ২৪ মে, ২০২৪

কাঞ্চনপুর মহকুমায় নবজাত শিশু ও গর্ভবতী মায়েদের স্বাস্থ্য পরীক্ষা

উত্তর ত্রিপুরা জেলার কাঞ্চনপুর মহকুমা হাসপাতালে এমসিএইচ ক্লিনিকের আশা কর্মীগণ সম্পত্তি হোম বেসড নিউ বর্গ কেয়ার কর্মসূচিতে বাড়ি বাড়ি পরিদর্শন করে নবজাত শিশু ও গর্ভবতী মায়েদের স্বাস্থ্য পরীক্ষা করেন। মহকুমা হাসপাতালের আওতাধীন সুভাষনগর এলাকায় এই কর্মসূচি সংগঠিত হয়। আশা কর্মীগণ বাড়ি বাড়ি পরিদর্শনের সময় ৬ মাস পর্যন্ত শিশুদের মায়েদের দুধ পান করানো, পরিপূরক ও সুষম পুষ্টি খাওয়ার পরামর্শ দেন। তাছাড়াও গর্ভবতী মায়েদের রক্তচাপ পরীক্ষা করা, পুষ্টিকর খাদ্য গ্রহণ, নিকটবর্তী হাসপাতালে চারাটি এএনসি পরীক্ষা করানো এবং হাসপাতালের প্রসব সুনিশ্চিত করার পরামর্শ দেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
